


বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫।
ফোননং ০২২২২২৩০০৭৬



Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone-02222230076
dir.discipline.bwdb@gmail.com

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৩.২৩-১৮৩

তারিখঃ ২৬-১২-১৪৩০ বঙ্গাব্দঃ
০৯-০৪-২০২৪ খ্রিঃ

দপ্তরাদেশ

জনাব মোঃ মোতালেব হোসেন (আইডি নং-৯০০৬২০০১), ড্রিলিং সহকারী গ্রেড-২, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল-১, ঢাকার আদালতে মামলা নং-৩০/২৩ দায়ের করেন। তৎপ্রেক্ষিতে বিজ্ঞ আদালত তার বিরুদ্ধে গ্রেফতারের পরোয়ানা জারি করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক গ্রেফতারের পরোয়ানা জারির তারিখ অর্থাৎ ০৭-০২-২০২৩খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। অতঃপর জনাব মোঃ মোতালেব হোসেন, ড্রিলিং সহকারী গ্রেড-২ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল-১, ঢাকার আদালতে শরণাপন্ন হলে বিজ্ঞ আদালত তাকে খালাস প্রদান করে রায় প্রদান করেন। আদালত প্রদত্ত রায় বোর্ডের আইন বিভাগ কর্তৃক সঠিকতা যাচাইয়াস্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৩.২৩-১১৯ তারিখ: ১৮-০৫-২০২৩ খ্রিঃ মোতাবেক জারিকৃত সাময়িক বরখাস্ত আদেশে বর্ণিত সাময়িক বরখাস্তের তারিখ(গ্রেফতারের তারিখ) ০৭/০২/২০২৩ খ্রিঃ তারিখ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পুনর্বহাল পূর্বক বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে পরিশোধসহ উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন মর্মে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ মোতালেব হোসেন, ড্রিলিং সহকারী গ্রেড-২, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকাকে আদালত প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সাময়িক বরখাস্তের তারিখ অর্থাৎ ০৭/০২/২০২৩ খ্রিঃ হতে তাকে বাপাউবোর্ডের চাকরিতে পুনর্বহাল করা হলো এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৭(২) মোতাবেক বেতন ভাতাদির টাকা সম্পূর্ণরূপে পরিশোধসহ উক্ত অনুপস্থিতিকালে কর্তব্যরত ছিলেন বলে গণ্য করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(স্বাক্ষর) ০৯/০৪/২০২৪
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক

পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৩.২৩-১৮৩(১০)

তারিখঃ ২৬-১২-১৪৩০ বঙ্গাব্দঃ
০৯-০৪-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।
- ২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।
- ৪। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৭। উপপরিচালক (জিওলজি), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা।
- ৮। সহকারীপরিচালক (অহিনি), গ্রীনরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, ৭২, গ্রীনরোড, বাপাউবো, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ১০। জনাব মোঃ মোতালেব হোসেন, ড্রিলিং সহকারী গ্রেড-২, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

(স্বাক্ষর) ০৯/০৪/২০২৪
(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১